

মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রকাশনা প্রদর্শনীর মধ্যদিয়ে
জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মহাসমারোহে বাংলা বর্ষবরণ পালিত



মঙ্গল শোভাযাত্রা মঙ্গল শোভাযাত্রা ও নানা সাংস্কৃতিক অনুষ্ঠানাদির মধ্যদিয়ে ১লা বৈশাখ-১৪২৬ বঙ্গাব্দ, ১৪ এপ্রিল-২০১৯খ্রিঃ পুরানো ঢাকার ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাঁকজমকপূর্ণভাবে পালিত হয় বাংলা নববর্ষ-১৪২৬। পহেলা বৈশাখে জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে সকাল ১০ ঘটিকায় মঙ্গল শোভাযাত্রা বের হয়। মঙ্গল শোভাযাত্রায় নেতৃত্ব দেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

শোভাযাত্রাটি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণ থেকে শুরু হয়ে সদরঘাট লঞ্চ টার্মিনাল, ওয়াইচ ঘাট, আহসান মঞ্জিল, মুন কমপ্লেক্স, পাটুয়াটুলী, বাটা ক্রসিং হয়ে পুনরায় বিশ্ববিদ্যালয়ে ফিরে আসে। মঙ্গল শোভাযাত্রায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার,



বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, ছাত্রনেতৃত্বন্দ, কর্মচারীসহ পুরানো ঢাকার স্কুল, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, শিক্ষক, ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিগণ ও সাংস্কৃতিক সংগঠনসমূহ অংশগ্রহণ করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠান:মঙ্গল শোভাযাত্রা শেষে সকাল ১১টায় সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এরপর সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ছিল সংগীত বিভাগের পরিবেশনায় নৃত্য ও দলীয় সংগীত, লোক সংগীত। এছাড়াও নাট্যকলা বিভাগের পরিবেশনায় নদীকে কেন্দ্র করে কবিতা, সংগীত, নৃত্য ও অভিনয় সহযোগে কোলাজ পরিবেশিত হয়। শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলে আনন্দে নেচে গেয়ে উদ্বেলিত ও উৎফুল্ল হয়ে বর্ষবরণকে আনন্দবহ করে তুলে।



প্রকাশনা প্রদর্শনী:

বিশ্ববিদ্যালয়ের নতুন একাডেমিক ভবনের নীচতলায় দিনব্যাপী ‘প্রকাশনা প্রদর্শনী’ অনুষ্ঠিত হয়। এতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত বিভিন্ন গ্রন্থ, জার্নাল, সাময়িকী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তাসহ, শিক্ষকদের প্রকাশিত গ্রন্থ স্থান পায়। উল্লেখ্য, উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান দিনব্যাপী এই প্রকাশনা প্রদর্শনীর উদ্বোধন করেন।